47

দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 OCT 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

## মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র উপবৃত্তি প্রদান প্রসঙ্গে

১৯৯৪ সাল থেকে সারাদেশে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের জন্য শিক্ষা উপবৃত্তি চালু করার সরকারী সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়েছে। এই কার্যক্রমে লক্ষ্য করা যাচ্ছে যে, সারাদেশে পৌরসভাধীন বিদ্যালয়গুলোতে গরিব ও মেধাবী ছাত্রীরা সরকারের প্রদত্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। শহর অঞ্চলে অবস্থিত বিদ্যালয়গুলোতে অনেক মেধাবী ছাত্রী লেখাপড়া করে। পিতামাতার আর্থিক অসচ্ছলতার কারণে অনেক ছাত্রীই এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হচ্ছে। ফলে শিক্ষা সমাপন করতে বাধ্য হচ্ছে।

শহরাঞ্চলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্রী উপবৃত্তি চালু করা হলে অনেক মেধাবী অথচ গরিব ছাত্রীই সরকারের এই মহৎ কর্মসূচীর সুযোগে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ লাভ করতো। এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সমীপে নিবেদন— শহর অঞ্চল ও পৌরসভাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অধ্যয়নরত মেধাবী ও গরিব ছাত্রীদের উপবৃত্তি কর্মসূচী চালু করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

ছাত্রীর অভিভাবকের পক্ষে
**মোঃ নূর-ই-আলম**
পার্বতীপুর, দিনাজপুর।